দৈনিক জনকণ্ঠ

33

তারিখ ... OCT. 3 1999 ...
পৃষ্ঠা ৬ কলাম ৫ ......

## শিক্ষকদের বেতন ভাতা

আমরা দিনাজপুর জেলার পার্বতীপুর থানাধীন উনিশটি মাধ্যমিক বিদ্যালয়ের ২৪ জন শিক্ষক-শিক্ষিকা এ বছর (১৯৯৯ইং সালে) পার্বতীপুর এসএসসি পরীক্ষা কেন্দ্রে কক্ষ পরিদর্শক হিসাবে কর্তব্যরত ছিলাম এবং এ দায়িত্ব যথাযথভাবে পালনও করেছি। তা সত্ত্বেও মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের যার স্মারক নং ৬সি-৪১ম/৯৯/৮০৭১/৩৫-ম তাং ১৬-৬-৯৯ইং তারিখের চিঠির নির্দেশ মতে আমাদের সরকারী অংশের বেতন-ভাতাদি বন্ধ করে দেন। কিন্তু পরীক্ষা কেন্দ্রে তাৎক্ষণিক কি ধরনের দায়িত্ব অবহেলা করা হয়েছে এই মর্মে কোন সুস্পষ্ট অভিযোগ ছাড়াই কিংবা কোনরূপ কৈফিয়ত তলব না করেই আমাদের বেতন-ভাতাদি বন্ধ করে দেয়া হয়েছে। এঅবস্থায় আমরা এ দুর্দিনে অসহায় অবস্থায় দিন কাটাচ্ছি।

অতএব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন, গত মে' ৯৯ মাস থেকে আমাদের উক্ত বেতন, ভাতাদি প্রদান করা হোক।

পার্বতীপুর থানাধীন শিক্ষকগণের পক্ষে–

*মোঃ সুজান উদ্দীন ও মোঃ জয়নাল আবেদিন*

আমানতুল্যা উচ্চ বিদ্যালয়, পার্বতীপুর।